

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

বিশেষ বাতুল মারফত

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭(অংশ-১)/

৩৩২

তারিখঃ

০৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব নূর মোহাম্মদ-এর বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) সাময়িকভাবে স্থগিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় প্রমাণক প্রদান প্রসংগে।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৪.০৫.০০১.১৭/৯, তারিখ-০৪/১০/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা জনাব মো: নূর মোহাম্মদ সুপার এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার MPO সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না বা চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না সে বিষয়ে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। মন্ত্রণালয়ের নির্দেশ বাস্তবায়ন না করে মন্ত্রণালয়ের নিকট প্রমাণক চাওয়া হয়েছে।

০২। এতদসঙ্গেও তাঁর দপ্তর থেকে চাহিত কাগজপত্রাদি এতদসংগে প্রেরণ পূর্বক মন্ত্রণালয় থেকে প্রেরিত পত্রের নির্দেশনা সঠিক সময়ে বাস্তবায়ন করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(মোঃ আঃ খালেক মিশ্র),
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. উপ-সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।